

তাৰিখ .. ৩১ JAN 2008
পৃষ্ঠা ২৬ কলাম ৫.....

১২ Report



ঢাকা ইউনিভার্সিটি ক্যাম্পাসে শিক্ষার্থীদের বিক্ষোভ সমাবেশ - যায়ানি

বিসিএস পরীক্ষার কোটা বাতিল তাৰি শিক্ষার্থীদের মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

ইউনিভার্সিটি রিপোর্টার

ঢাকা ইউনিভার্সিটির সাধারণ ছাত্রছাত্রীরা বিসিএস পরীক্ষা থেকে কোটা প্রথা বাতিলের দাবিতে গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশ থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়া হয়।

সকাল ১১টায় ইউনিভার্সিটির সাধারণ ছাত্রছাত্রীরা অপরাজেয় বাংলার পাদদেশে জড়ো হন। পরে তারা যিল নিয়ে ক্যাম্পাসের বিভিন্ন জায়গা প্রদর্শন করেন। সহস্রাধিক শিক্ষার্থীর উপস্থিতিতে মিছিল থেকে বিসিএসে কোটা কেন? মানি না মানবো না- ঝোগান দেয়া হয়।

এছাড়া তারা কোটাযুক্ত বিসিএস চাই, গাহি সাম্যের গান, সবার সুযোগ সমান সমান, ৫৫ শতাংশ কোটা, মুরগির চেয়ে ডিম বড়, আমরা দেশ, জাতি ও মুক্তিযোদ্ধাদের বিপক্ষে নয়, আমরা কোটার বিপক্ষে, ৫৫ ভাগ কোটায় জিপি যোধা কিমি বিসিএস

সংবলিত পোষ্টার বহন করেন।
মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাজ বিজ্ঞানের চতুর্থ বর্ষের ছাত্র মিজানুর রহমানের দাবি, মেধাবী ছাত্রী এ দেশের নেতৃত্ব দেবে। অমৌক্তিক কোটা প্রথার মাধ্যমে মেধাবীরা যাতে দেশ পরিচালনার নেতৃত্বে আসতে না পারে, সে ব্যাপারে

সবাইকে সজাগ থাকতে হবে।

ইসলামের ইতিহাস বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ওয়ার ফারকের মতে, একটি বিশেষ যুগল এ আন্দোলনকে ভিন্নধাতে প্রবাহিত করার অপচেষ্টা চালাচ্ছে। আমদের আন্দোলনে কেমনো সাম্প্রদায়িক গোষ্ঠী জড়িত নেই। মেধাবীদের আসন নিশ্চিত করার জনাই আমরা আন্দোলনে নেমেছি।

এজন্য কোটা প্রথা বাতিল করতে হবে।

অর্থনৈতি বিভাগের মাস্টার্সের ছাত্র আজিজুল ইসলাম জানান, সরকার কোটা প্রথার মাধ্যমে দ্রুতকারীদের পুনর্বাসনের চেষ্টা,

চলাচ্ছে। জ্ঞানানন্দ প্রকল্পের অন্তর্ভুক্ত